বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## অধ্যক্ষের কার্যালয়
## সরকারিব্রজলাল কলেজ, খুলনা

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com

**২০২৩ সালের ২য় বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার আবেদন ফরম পুরণের বিজ্ঞপ্তি**

**বিঃ দ্রঃ ইনকোর্স পরীক্ষা ছাড়া কোন পরীক্ষার্থী পরীক্ষার আবেদন ফরম পূরণ করতে পারবে না।**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/honours** থেকে **A4 Size** কাগজে প্রিন্ট করে নিতে হবে।

নিয়মিত (সকল বিষয়) শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগে পরীক্ষার আবেদন ফরম জমা দিবেঃ ২০.০৭.২০২৪ হতে ৩১.০৭.২০২৪ খ্রি. পর্যন্ত (অনলাইন আবেদন ফরমের সাথে অনলাইনে পেমেন্ট রশিদের মূলকপি ও ১ম বর্ষের প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি এবং অনলাইন ফলাফল সিট জমা দিতে হবে।)

**নিয়মিত (শিক্ষাবর্ষ: ২০২১-২০২২) পরীক্ষার্থীদের ফিসাদি (অনলাইনের ফিসহ)ঃ**
ইংরেজি= ৪৫৩৩/-, বাংলা, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজ কর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা = ৪৮৩৩/-,
পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা = ৫৭২৩/-, রসায়ন, গণিত= ৫৯৫৮/-, পরিসংখ্যান = ৬১৯৮/-, মনোবিজ্ঞান =৫৩০৮/-,
ভূগোল (বিজ্ঞান ৩টি ব্যবহারিক)= ৫৯৫৮/-, ভূগোল (মানবিক ১টি ব্যবহারিক)= ৫৩০৮/-।

**নিয়মিত শিক্ষার্থীদের পরীক্ষার ফিস সোনালী ই-সেবা পে-স্লিপের মাধ্যমে জমা হবে।**

নিয়মিত ২০২১-২০২২ শিক্ষাবর্ষ এর পরীক্ষার্থীরা **"Sonali eSheba"** মোবাইল অ্যাপের **"National University Fees"** মেন্যু থেকে **'Form Fill-up'** সিলেক্ট করে অথবা **https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp** লিংকে প্রবেশ করে **'Honours'** সিলেক্ট করে প্রয়োজনীয় তথ্য প্রদান করে ফি পরিশোধ করতে হবে। ফি পরিশোধের পর প্রাপ্ত **Payment Slip** সংগ্রহ করতে হবে।

* **"Sonali eSheba"** এর মাধ্যমে অনলাইনে ফি পরিশোধের তারিখ: **২০.০৭.২০২৪** হতে **৩১.০৭.২০২৪** তারিখ ব্যাংক সময় পর্যন্ত।

অনিয়মিত, অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন (সকল বিষয়) ১৫.০৭.২০২৪ হতে ৩১.০৭.২০২৪ খ্রি. পর্যন্ত শিক্ষার্থীরা স্ব স্ব বিভাগ হতে বিভাগীয় প্রধানের স্বাক্ষর করে বেতন বইয়ের মাধ্যমে প্রশাসনিক ভবনে জমা দিতে হবে)

**অনিয়মিত পরীক্ষার্থীদের ফিসাদি বিশ্ববিদ্যালয়ের ফিস বাদে (কলেজের অংশ) অনিয়মিত যারা আদৌ ফরম পুরণ করেনিঃ**

ইংরেজি=২৯৩৩/-, বাংলা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ইতিহাস, ইসঃ ইতিহাস, দর্শন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স= ২৯৮৩/-। পদার্থবিদ্যা, উদ্ভিদ ও প্রাণি= ৩৪২৩/-, রসায়ন, গণিত= ৩৬০৮/= ,পরিসংখ্যান= ৩৬৪৮/-,
মনোবিজ্ঞান=৩২০৮/-, ভূগোল (বিজ্ঞান)= ৩৬০৮/-, ভূগোল (কলা)= ৩২০৮/-।
* ছাড়পত্রের মাধ্যমে **(TC)** ২য় বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীরা অনিয়মিত শিক্ষার্থীদের অনুরূপ ভর্তি ফি পরিশোধ পূর্বক পরীক্ষার আবেদন ফরম পূরণ করবে।

বিজ্ঞান অকতৃকার্য (পরীক্ষায় অংশগ্রহণ করে যারা **Not Promoted** হয়েছে তাদের জন্য প্রযোজ্যঃ পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা ৯পত্র হলে =৯৫০/-, রসায়ন ও গণিত ৯পত্র হলে=১১৭৫/-, মনোবিজ্ঞান ৮পত্র হলে= ৭২৫/- ,পরিসংখ্যান ১০ পত্র হলে= ১১৭৫/-, ভূগোল (বিজ্ঞান) ৯পত্র হলে= ১১৭৫/-, ভূগোল (মানবিক) ৮পত্র হলে = ৭২৫/- টাকা।

২য় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদেরকে বেতন ও সেশন চার্জ বাবদ ১৯৩৩/= টাকা প্রদান করতে হবে না। বিজ্ঞান বিষয়ের অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের মধ্যে যাদের ব্যবহারিক পত্র আছে তারা ব্যবহারিক পরীক্ষার সময় নির্ধারিত ব্যবহারিক ফি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

অকৃতকার্য/ গ্রেড উন্নয়ন, এক বা একাধিক পত্র ও ইংরেজি (আবশ্যিক বিষয়) অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের জন্যঃ বিশ্ববিদ্যালয়ের ফিস বাদে কলেজের অংশ ৫০০/= টাকা প্রদান করতে হবে।

**বিঃ দ্রঃ শিক্ষা সফর ফি বাবদ ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ৫০/= টাকা হারে স্ব স্ব বিভাগ গ্রহণ করবেন।**

নিয়মিতঃজাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী যারা ২০২২ সালের ১ম বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২৩ সালের ২য় বর্ষ অনার্সের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিতঃ যে সকল ছাত্র-ছাত্রী ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যেসকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের ২য় বর্ষ অনার্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীগণ পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবেনা। তবে যারা ২০২২ সালের ২য় বর্ষ অনার্সের ১ম বারের মতো পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২টি কোর্সে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সের পরীক্ষা দিতে হবে।**

গ্রেড উন্নয়নঃ

*** ২০২২ সালের অনার্স ২য় বর্ষে যেসকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র "C" বা "D" গ্রেড প্রাপ্ত কোর্স/ কোর্সসমূহের গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২টি কোর্সে।**

*** যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে "F" গ্রেড পেয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় "F" গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।**

*** সকল "F" গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে রেজিস্ট্রেশন মেয়াদ সাপেক্ষে অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। "F" গ্রেড কে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন "B+" গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।**

**চলমান**

*** ২০২২ সালের অনার্স ২য় বর্ষে পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করতে হবে।**

*** ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে "F" গ্রেড প্রাপ্ত অকৃতকার্য শিক্ষার্থীরা সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবেনা এবং কোন শিক্ষার্থী ফরম পূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেনা।কেন্দ্র ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা কলেজ অফিসে জমা দিতে হবে।**

* ইনকোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নেই।

**পাঠ্যসুচিঃ** সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার আবেদন ফরম পুরণের নিয়মাবলীঃ**

(ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে অনলাইনে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে তার জন্য সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীরাই দায়ী থাকবে।

(খ) আবেদন ফরম সঠিকভাবে পুরণ করা হয়েছে কিনা তা বিভাগীয় প্রধান অবশ্যই যাচাই করে আবেদন ফরমে স্বাক্ষর করবেন।

(গ) আবেদন ফরম- এ বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর ০১ সেট ফটোকপি স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

(ঘ) আবেদন ফরমে নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের সকল পত্রের কোড (ব্যবহারিকসহ) থাকবে।

(ঙ) নিয়মিত ছাত্র-ছাত্রীদের অনলাইন পেমেন্ট স্লিপের মূল কপি স্ব স্ব আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

(চ) ছাড়পত্রের মাধ্যমে (TC) ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের টিসি এর কপি জমা দিতে হবে।

(ছ) নিয়মিত, অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ও ১ম বর্ষ অনার্সের প্রবেশপত্র ফটোকপি এবং অনলাইন ফলাফল সিট জমা দিতে হবে।

(জ) অকৃতকার্য ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ২য় বর্ষের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও ওয়েব সাইট থেকে প্রাপ্ত ফলাফল সিটের ফটোকপি জমা দিতে হবে।

(ঝ) ১ কপি স্ট্যাম্প সাইজের রঙিন ছবি আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগাতে হবে।

(ঞ) অনলাইন থেকে প্রাপ্ত **Probable List** ডাউন লোড করে নির্ভুলভাবে যাচাই পূর্বক বিভাগীয় প্রধানগণকে আবেদন ফরমে স্বাক্ষর প্রদান করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(ট) ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের মূল বিজ্ঞপ্তি দেখে ইনকোর্স পরীক্ষার নম্বর এন্ট্রি করার জন্য বিভাগীয় প্রধানগণকে অনুরোধ করা হলো।

**অনিয়মিত/অকৃতকার্য/মানোন্নয়ন পরীক্ষার্থীদের কলেজ অফিসে জমাকৃত আবেদন ফরম আগামী ৩১.০৭.২০২৪ তারিখ (বিকাল ৪ঃ০০ টায়) গ্রহণ করে ০১.০৮.২০২৪ তারিখের মধ্যে অনলাইনে এন্ট্রি করতে বিভাগীয় প্রধানকে অনুরোধ করা হলো। ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখঃ ০১.০৮.২০২৪ খ্রি. মঙ্গলবার রাত ১১.৫৯ মিনিট পর্যন্ত। ০১ (এক) কপি বিবরণী বিভাগীয় প্রধান স্বাক্ষর করে স্ব স্ব বিভাগে জমা রাখতে হবে। বিবরণী ও পরীক্ষার আবেদন ফরম ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ (চার) মাস পর্যন্ত স্ব-স্ব বিভাগে জমা রাখতে হবে।**

**বিঃদ্রঃ পূর্ণ বেতন মওকুফ ৩০০/- টাকা, অর্ধবেতন মওকুফ ১৫০/- টাকা। যাদের শিক্ষাবর্ষ ২০২১-২০২২ অনার্স ২য় বর্ষে Promoted হয়েছে শুধুমাত্র তাদের তালিকা করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষর করে আগামী ১৮.০৭.২০২৪ তারিখে ক্যাশ শাখায় জমা দিতে হবে।**

**লাইব্রেরিতে কোন বই পাওনা থাকলে তা আবেদন ফরম পূরণের পূর্বেই জমা দিয়ে আবেদন ফরম পুরণ করতে হবে।**

**ফরম পূরণের এই বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েব সাইট www.blcollege.edu.bd তে পাওয়া যাবে।**

9.7-2024

**(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)**
**অধ্যক্ষ**
**সরকারি ব্রজলাল কলেজ, খুলনা**

08/7/24

বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা
Website: www.blcollege.edu.bd

ফোন: +৮৮০২৪৭৭৭০২৯৪৪
e-mail: infoblcollege@gmail.com

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৮ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

## ২০২৩ সালের ২য় বর্ষ অনার্স নিয়মিত ও অনিয়মিত ছাত্র-ছাত্রীদের বেতন ও সেশন চার্জ

| ক্রমিক নং | খাতের নাম | ফিসের পরিমাণ |
|---|---|---|
| ০১। | ছাত্র-ছাত্রী সংসদ | ২৫.০০ |
| ০২। | ধর্মীয় অনুষ্ঠান | ৩০.০০ |
| ০৩। | সাহিত্য ও সংস্কৃতি | ৫০.০০ |
| ০৪। | বহিঃ ক্রীড়া (খেলাধুলা) | ৫০.০০ |
| ০৫। | অভ্যন্তরীণ ক্রীড়া ও কমনরুম | ৪০.০০ |
| ০৬। | ম্যাগাজিন | ৩০.০০ |
| ০৭। | রোভার স্কাউট/স্কাউট/গার্লস গাইড | ২৫.০০ |
| ০৮। | বি. এন. সি. সি. | ৪০.০০ |
| ০৯। | রেঞ্জার/কাব/হলদে পাখি | ০৩.০০ |
| ১০। | রেডক্রিসেন্ট | ১০.০০ |
| ১১। | লাইব্রেরি | ২৫.০০ |
| ১২। | মসজিদ/ মন্দির | ৫০.০০ |
| ১৩। | পরিবহন | ৫৫০.০০ |
| ১৪। | কল্যাণ তহবিল/ দরিদ্র তহবিল | ২০.০০ |
| ১৫। | নিরাপত্তা/ নৈশপ্রহরী/ অত্যাবশ্যকীয় কর্মচারী | ৫০০.০০ |
| ১৬। | চিকিৎসা সেবা | ২০.০০ |
| ১৭। | আইসিটি | ২০.০০ |
| ১৮। | বিবিধ | ১০০.০০ |
| ১৯। | সাইবার সেন্টার | ২০.০০ |
| সরকারি তহবিলে প্রদেয় | | |
| ০১। | বেতন (১২ মাসের) | ৩০০.০০ |
| ০২। | ভর্তি ফিস | ২৫.০০ |
| | সর্বমোট | ১৯৩৩.০০ |

9.7-2024

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

০৮/৭/২৪

F:\Brajalal College, Khulna\Principal Sir\Admission Fees 2023 2nd Year Hons. Exam 08072024.doc

# ২০২৩ সালের ২য় বর্ষ নিয়মিত অনার্স পরীক্ষার ফিসের বিস্তারিত বিবরণ

## শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

| ক্রমিক নং | বিষয় | পত্র | | | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | | | | কলেজের অংশ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্ণপত্র সংখ্যা | অর্ধপত্র সংখ্যা | ব্যবহারিক পত্র | পত্র ফি | ইনকোর্স | ব্যবহারিক | মোট | বেতন ও সেশন চার্জ | কেন্দ্র ফিস | নির্বাচনি ফিস | ইনকোর্স ফিস | ব্যবহারিক ফিস | ব্যবস্থাপনা ফিস | |
| ০১। | বাংলা | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০২। | ইংরেজি | ৬ | | | ১৫০০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৬০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৫৩৩.০০ |
| ০৩। | রাষ্ট্রবিজ্ঞান | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৪। | অর্থনীতি | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৫। | সমাজবিজ্ঞান | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৬। | সমাজ কর্ম | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৭। | ইতিহাস | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৮। | ইসঃ ইতিহাস | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ০৯। | দর্শন | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ১০। | হিসাববিজ্ঞান | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ১১। | ব্যবস্থাপনা | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ১২। | মার্কেটিং | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ১৩। | ফিন্যান্স | ৭ | | | ১৭৫০.০০ | ১০০.০০ | ০.০০ | ১৮৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ৪৮৩৩.০০ |
| ১৪। | পদার্থবিদ্যা | ৬ | ১ | ২ | ১৭০০.০০ | ১০০.০০ | ৫০০.০০ | ২৩০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৫৭২৩.০০ |
| ১৫। | রসায়ন | ৬ | | ৩ | ১৫০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৩৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৫৯৫৮.০০ |
| ১৬। | উদ্ভিদবিদ্যা | ৬ | ১ | ২ | ১৭০০.০০ | ১০০.০০ | ৫০০.০০ | ২৩০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৫৭২৩.০০ |
| ১৭। | প্রাণিবিদ্যা | ৬ | ১ | ২ | ১৭০০.০০ | ১০০.০০ | ৫০০.০০ | ২৩০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৫৭২৩.০০ |
| ১৮। | গণিত | ৬ | ০ | ৩ | ১৫০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৩৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৫৯৫৮.০০ |
| ১৯। | মনোবিজ্ঞান | ৭ | | ১ | ১৭৫০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ২১০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২২৫.০০ | ৫০.০০ | ৫৩০৮.০০ |
| ২০। | পরিসংখ্যান | ৬ | ১ | ৩ | ১৭০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৫৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৬১৯৮.০০ |
| ২১। | ভূগোল (বিজ্ঞান) | ৬ | | ৩ | ১৫০০.০০ | ১০০.০০ | ৭৫০.০০ | ২৩৫০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৫৯৫৮.০০ |
| ২২। | ভূগোল (মানবিক) | ৭ | | ১ | ১৭৫০.০০ | ১০০.০০ | ২৫০.০০ | ২১০০.০০ | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২২৫.০০ | ৫০.০০ | ৫৩০৮.০০ |

৭.৭-২০২৪

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)
অধ্যক্ষ
সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

০৮/৭/২৪

F:\Brajalal College, Khulna\Cash Dept File\Account File\2023 2nd Year Hons. Regular Fees Description 08072024.doc

## ২০২৩সালের ২য় বর্ষ অনিয়মিত অনার্স পরীক্ষার ফিসের বিস্তারিত বিবরণ

### শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১

| ক্রমিক নং | বিষয় | পত্র | | | জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ | | | | কলেজের অংশ | | | | | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পূর্ণপত্র সংখ্যা | অর্ধপত্র সংখ্যা | ব্যবহারিক পত্র | পত্র ফি | ইনকোর্স | ব্যবহারিক | মোট | বেতন ও সেশন চার্জ | কেন্দ্র ফিস | নির্বাচনি ফিস | ইনকোর্স ফিস | ব্যবহারিক ফিস | ব্যবস্থাপনা ফিস | |
| ০১। | বাংলা | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০২। | ইংরেজি | ৬ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৩৩.০০ |
| ০৩। | রাষ্ট্রবিজ্ঞান | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৪। | অর্থনীতি | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৫। | সমাজবিজ্ঞান | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৬। | সমাজ কর্ম | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৭। | ইতিহাস | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৮। | ইসঃ ইতিহাস | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ০৯। | দর্শন | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ১০। | হিসাববিজ্ঞান | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ১১। | ব্যবস্থাপনা | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ১২। | মার্কেটিং | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ১৩। | ফিন্যান্স | ৭ | | | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ০.০০ | ৫০.০০ | ২৯৮৩.০০ |
| ১৪। | পদার্থবিদ্যা | ৬ | ১ | ২ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৩৪২৩.০০ |
| ১৫। | রসায়ন | ৬ | | ৩ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৩৬০৮.০০ |
| ১৬। | উদ্ভিদবিদ্যা | ৬ | ১ | ২ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৩৪২৩.০০ |
| ১৭। | প্রাণিবিদ্যা | ৬ | ১ | ২ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৪৫০.০০ | ৫০.০০ | ৩৪২৩.০০ |
| ১৮। | গণিত | ৬ | | ৩ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৩৬০৮.০০ |
| ১৯। | মনোবিজ্ঞান | ৭ | | ১ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২২৫.০০ | ৫০.০০ | ৩২০৮.০০ |
| ২০। | পরিসংখ্যান | ৬ | ১ | ৩ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৪০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৩৬৪৮.০০ |
| ২১। | ভূগোল (বিজ্ঞান) | ৬ | | ৩ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩০০.০০ | ২০০.০০ | ৬৭৫.০০ | ৫০.০০ | ৩৬০৮.০০ |
| ২২। | ভূগোল (মানবিক) | ৭ | | ১ | | | | | ১৯৩৩.০০ | ৪৫০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ | ২২৫.০০ | ৫০.০০ | ৩২০৮.০০ |

৭.৭. 2024

(প্রফেসর শরীফ আতিকুজ্জামান)

অধ্যক্ষ

সরকারি ব্রজলাল কলেজ, খুলনা

০৮/৭/২৪

জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website: nu.ac.bd or nubd.info/honours

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৪৬/২০২৩/২০২৪/১০১৯০

তারিখ ঃ ২৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

# ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি ঃ

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৬-২০১৭ ও ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনার্স ২য় বর্ষ শিক্ষার্থীদের পরীক্ষার ফরমপূরণ সংক্রান্ত আবেদন ও সংশ্লিষ্ট কোর্সের ইনকোর্স নম্বর প্রদানসহ (নিয়মিত এবং অনিয়মিত পরীক্ষার্থীদের যাদের ইনকোর্স নম্বর পূর্বে প্রেরণ করা হয়নি) যাবতীয় কার্যক্রম On-Line এ ১০/০৭/২০২৪ তারিখ থেকে শুরু হবে। নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী আবেদন ও বিবরণী ফরমপূরণ সাপেক্ষে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের আবেদন ফরম নিশ্চয়ন করবেন। ফরমপূরণ সংক্রান্ত নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

**ফরমপূরণের সময়সূচীঃ**

| ক্রমিক | বিবরণ | সময়সীমা |
|---|---|---|
| ০১. | আবেদন ফরমপূরণের শুরু ও শেষ তারিখ | ১০/০৭/২০২৪ (বুধবার) থেকে ৩১/০৭/২০২৪ (বুধবার) |
| ০২. | ডাটা এন্ট্রি নিশ্চয়নের শেষ তারিখ | ০১/০৮/২০২৪ (বৃহস্পতিবার) রাত ১১:৫৯ মিঃ পর্যন্ত |
| ০৩. | সোনালী সেবার মাধ্যমে টাকা জমার শেষ তারিখ | ০৪/০৮/২০২৪ (রবিবার) থেকে ০৫/০৮/২০২৪ (সোমবার) বিকাল ৪:০০টা পর্যন্ত |
| ০৪. | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র জমাদান/সংরক্ষণ সম্পর্কিত | বিবরণী ফরম ও অন্যান্য কাগজপত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন (আঞ্চলিক কেন্দ্রে জমা দেয়ার প্রয়োজন নাই)। |

**ফরমপূরণের ফি এর বিবরণঃ**

| ক্রমিক নং | পরীক্ষার্থীদের ফি এর বিবরণ | টাকা |
|---|---|---|
| ০১. | তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ০২. | তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- |
| ০৩. | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২৫০/- |
| ০৪. | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী): i) বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা ii) কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- |
| ০৫. | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে- i) কলেজের অংশ ১৫০/- টাকা ii) কেন্দ্রের অংশ ৩০০/- টাকা | ৪৫০/- |
| ০৬. | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি কোর্স প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে। | ১৫০/- |
| ০৭. | বিশেষ অন্তর্ভূক্তি ফি (অনিয়মিত/ মানোন্নয়ন/ গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী- বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৩০০/ |
| ০৮. | **২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীদের সর্বমোট ফি** | ৫০০০/- |
| ০৯. | C Promoted শিক্ষার্থীর বিশেষ অন্তর্ভূক্তি ফি (অন্যান্য ফি এর অতিরিক্ত প্রতি পরীক্ষার্থী) | ১০০০/- |

**০১. আবেদন ফরম সংগ্রহ ঃ**

অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েব সাইট (ems.nu.ac.bd/www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

**০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২১-২০২২ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২২ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২২ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৩ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

**গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য**

২০২২ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে।

যে সকল শিক্ষার্থী ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৩ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৩ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। **এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করবে।**

**২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ**

**২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।**

**০৩. পাঠ্যসূচি ঃ**

সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

**০৪. পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://ems.nu.ac.bd/student-login) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লেখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লেখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

**০৫. কলেজের জন্য করণীয় ঃ**

যে সকল পরীক্ষার্থী ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে তাদের ডাটা (সম্ভাব্য তালিকা) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours)-এ রক্ষিত আছে। ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-Line-এ এন্ট্রি করতে হবে। সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থীর ফরম পূরণ করা যাবে না। ফরম পূরণের যোগ্যতা আছে কিন্তু সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে প্রয়োজনীয় কাগজপত্রসহ সংশ্লিষ্ট শাখা/তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তরে যোগাযোগ করে সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকায় নাম অন্তর্ভুক্ত করে ফরম পূরণের ব্যবস্থা নিতে হবে।

আবেদন অনুযায়ী সকল পরীক্ষার্থীদের ডাটা On-Line-এ সঠিকভাবে এন্ট্রি দিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে অবশ্যই নিশ্চয়ন করতে হবে।

নিশ্চয়ন সম্পন্ন হলে On-Line-এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট নিতে হবে। প্রিন্ট কপিতে প্রথমে বিভাগীয় প্রধান অতঃপর অধ্যক্ষ স্বাক্ষর করবেন। প্রত্যেক পরীক্ষার্থীর প্রবেশপত্র সংগ্রহের পর পাসপোর্ট সাইজের ছবির নির্ধারিত স্থানে অধ্যক্ষ কর্তৃক সত্যায়নের পর প্রবেশপত্র বিতরণ করতে হবে।

২য় বর্ষ অনার্স বিষয়ক পরীক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট যথাসময়ে চালু হবে এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে তা বন্ধ হয়ে যাবে। সুতরাং নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।

নিশ্চয়নের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হলো। ফরমপূরণ করা কোন পরীক্ষার্থীর নিশ্চয়ন যেন বাদ না যায় বা এক জনের পরিবর্তে অন্য জনকে নিশ্চয়ন না করা হয় তা নিশ্চিত করতে হবে। নিশ্চয়নের পর ফরমপূরণ সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণ করা হবে না।

পরীক্ষার্থীদের ডাটা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে সরাসরি On-line-এ সঠিক এন্ট্রি করা হয়েছে কি-না তা সম্ভাব্য পরীক্ষার্থীদের তালিকা (Probable List)-এর সাথে যাচাইপূর্বক যথাযথ নিশ্চিত হয়ে জমাকৃত আবেদনগুলিকে বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত ওয়েব সাইটে College Log-in-এ প্রবেশ করে আবেদন নিশ্চয়ন করে বিভাগীয় প্রধান ও অধ্যক্ষ স্বাক্ষর করবেন এবং আবেদন কলেজে সংরক্ষণ করবেন। Log-in-এর জন্য ওয়েব সাইটের College Profile বা কলেজ মেইল থেকে User ID & Password সংগ্রহ করা যাবে।

প্রত্যেক পরীক্ষার্থীর সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি (সত্যায়িত) অনলাইনে প্রিন্টকৃত আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা আঠা দ্বারা সংযোজন করতে হবে।

**পরীক্ষার্থী কর্তৃক অন-লাইনে ফরম পূরণকৃত আবেদন কলেজে জমা দিলে কলেজ উক্ত পরীক্ষার্থীর টার্মপেপার, ইনকোর্স (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরসহ অন-লাইনে নিশ্চয়ন করবেন। শুধু কলেজ কর্তৃক অন-লাইনে নিশ্চয়নকৃত পরীক্ষার্থীদের প্রবেশপত্র ইস্যু করা হবে। নিশ্চয়ন সম্পন্ন হলে On-line এ পরীক্ষার্থীদের বিবরণী প্রিন্ট করতে হবে।**

**বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট যথাসময়ে চালু হবে এবং ডাটা এন্ট্রির জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত সময়ের পর স্বয়ংক্রিয়ভাবে কার্যক্রম বন্ধ হয়ে যাবে। বিধায় যথাসময়ে কলেজকে ডাটা এন্ট্রি সম্পন্ন করতে হবে।**

**০৬. ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীর ফি ডিজাইনকৃত নির্ধারিত জমা ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/)-থেকে ডাউনলোড করে "সোনালী সেবা" এর মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিতে হবে।

সংশ্লিষ্ট কলেজ www.nubd.info/honours অথবা 103.113.200.36/PAMS/Default.aspx ওয়েবসাইট থেকে Pay Slip ডাউনলোড করবে।

Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর উল্লেখ পূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর Print Copy নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় জমা দিয়ে শেষ তারিখের মধ্যে জমা রশিদ সংগ্রহ করতে হবে। পরবর্তীতে এ সংক্রান্ত কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। Pay Slip সংগ্রহের জন্য ০৪/০৮/২০২৪ তারিখ থেকে ০৫/০৮/২০২৪ তারিখ বিকাল ০৪:০০ টা পর্যন্ত সোনালী সেবার Link Active থাকবে। নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে Pay Slip ডাউনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। সোনালী সেবা ব্যতিত ব্যাংক-এ প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৭. EMS সফটওয়্যার থেকে ফরম পূরণের ক্ষেত্রে প্রয়োজনীয় সহযোগিতার লক্ষ্যে নিম্নোক্ত ফোন নাম্বার সমুহে যোগাযোগ করা যেতে পারে-
- ✓ মোঃ মেহেদী হাসান, মোবাইলঃ ০১৬৭৬২২৭০১৯
- ✓ মোস্তাদিরুল ইসলাম রাজু, মোবাইলঃ ০১৬০৯৬০৫৪৯৪
- ✓ মোঃ ইব্রাহীম খন্দকার, মোবাইলঃ ০১৭১০৬৫৯০৬৮

০৮. **বিবরণী ফরম জমা সংক্রান্ত ঃ**

আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ০৪ মাস পর্যন্ত সংশ্লিষ্ট কলেজে সংরক্ষণ করবেন।

০৯. **পরীক্ষা পরিচালনা ঃ**

সংশ্লিষ্ট কলেজ কেন্দ্র ফি বাবদ আদায়কৃত ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা কলেজে জমা থাকবে যা দ্বারা পরীক্ষা সংক্রান্ত ব্যয় যেমন ঃ বিশ্ববিদ্যালয়ে যাতায়াত, বিবরণী প্রিন্ট/ফটোকপি ইত্যাদি নির্বাহ করবে। অবশিষ্ট ৩০০/- (তিনশত) টাকা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার (যে কেন্দ্রের সংশ্লিষ্ট কলেজের পরীক্ষার্থীদের পরীক্ষা অনুষ্ঠিত হবে সে কেন্দ্রের) নিকট পরীক্ষার পূর্বেই জমা দিতে হবে। যা দ্বারা কেন্দ্রের যাবতীয় ব্যয় (বিশ্ববিদ্যালয় হতে পরীক্ষার উত্তরপত্র, প্রশ্নপত্র সংগ্রহ, আনুষঙ্গিক দ্রব্যাদি গ্রহণ, পরীক্ষানুষ্ঠান ও উত্তরপত্র প্রেরণ ইত্যাদি) নির্বাহ করবে।

১০. **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

শিক্ষার্থীদের ফরমপূরণের সময় Software-এর মাধ্যমে ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত এবং ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ শিক্ষাবর্ষের অনিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত মোট নম্বর On-Line এ প্রেরণ করতে হবে এবং এক কপি নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

১১. **ব্যবহারিক পরীক্ষা ঃ**

ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় তত্ত্বীয় পরীক্ষা শেষে যথাসময়ে ওয়েব সাইটে জানানো হবে।

১২. **ফলাফল ঃ** এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

১৩. **প্রমোশন ঃ**

গ্রেডিং পদ্ধতির সম্মান পরীক্ষায় BA, BSS, BBA এবং BSc এর ক্ষেত্রে ২য় বর্ষ থেকে ৩য় বর্ষে প্রমোশনের জন্য মোট কোর্সে (তত্ত্বীয় ও ব্যবহারিক) ৫০ ভাগ কোর্সে উত্তীর্ণ হলে তাকে পরবর্তী বর্ষে Promoted দেখানো হবে।

**বিশেষ দ্রষ্টব্য: পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd) এ প্রকাশ করা হবে। চিঠি বা অন্য কোন মারফত কোন তথ্য বা বিজ্ঞপ্তি প্রেরণ করা হবে না। প্রতিদিন উল্লেখিত ওয়েব সাইট সকাল এবং বিকালে অন্ততঃ ০২ (দুই) বার চেক করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হ'ল। আবেদন শুরুর দিন থেকেই নিশ্চয়ন শুরু করা যাবে। কলেজ কর্তৃপক্ষকে প্রথম দিন থেকে নিশ্চয়ন শুরু করার জন্য বলা হলো।**

(মেজবাহ্ উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ফোন ঃ ০২-৯৯৬৬৯১৫১৭
ই-মেইল ঃ controller@nu.ac.bd

স্মারক নং-জাতীঃ বিঃ/পনি/অনার্স ২য় বর্ষ/৪৬/২০২৩/২০২৪/১০১৯০

তারিখ ঃ ২৩ আষাঢ়, ১৪৩১ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২৪ খ্রিস্টাব্দ

**অনুলিপি, অবগতি ও কার্যার্থে ঃ**

১। সকল ডীন, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
২। রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৩। পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৪। পরিচালক, জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তিটি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৫। পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এ বিজ্ঞপ্তিটি জরুরি ভিত্তিতে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক, আঞ্চলিক কেন্দ্র পরিচালন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৭। পরিচালক, সকল আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়;
৮। পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
৯। সহকারী রেজিস্ট্রার ও ব্যক্তিগত সচিব, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১০। অধ্যক্ষ, সকল অনার্স কলেজ (সংশ্লিষ্ট সকলকে জরুরি ভিত্তিতে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।
১১। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১২। ম্যানেজার, সোনালী ব্যাংক, জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ;
১৩। অফিস কপি;

৭/৭/২৪
(মোঃ মোহসীন ইকবাল)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
অনার্স ২য় বর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ
ই-মেইল ঃ dch2.nu@gmail.com